Mobile: 9434322601

# পণ্ডিত লক্ষ্মীকান্ত মৈত্র স্মৃতি সমাজ কল্যাণ কেন্দ্র

স্থাপিত - ১৯৯৮

সমিতি নিবন্ধন আইনানুগ পঞ্জিভূক্ত একটি সমাজসেবা প্রতিষ্ঠান (রেজিস্ট্রেশন নং S/1L/25452)

শিবতোষ ধর সরণী (বিন্দু পাড়া), ঘূর্ণী, কৃষ্ণনগর, নদীয়া

## ১৩তম বার্ষিক সাধারণ সভা ২০১৬-২০১৭

## তারিখ - ১৮/০৬/২০১৭

## সম্পাদকীয় প্রতিবেদন

### আমাদের প্রণতি

বিগত দিনগুলিতে আমাদের প্রতিষ্ঠানের অনেক প্রণম্য সদস্য পরলোক গমন করেছেন। বর্তমান বছরেও ৺শ্যামল ভট্টাচার্য্য আমাদের ছেড়ে চলে গেলেন। এঁদের হারিয়ে আমরা প্রকৃতই ক্ষতিগ্রস্থ। কালের এই অমোঘ নিয়মকে একান্ত বাধ্য হয়ে মেনে নিয়েও পরম করণাময়ের কাছে প্রার্থনা করি এঁরা সকলে শান্তিতে থাকুন পরলোক।

বিগত বছরে যে সব দেশ সেবক ও সমাজের বিভিন্ন অঙ্গনে কৃতি ব্যক্তি আমাদের ছেড়ে পরলোক গমন করেছেন তাঁদের সকলের উদ্দেশ্যে জানাই-আমাদের প্রতিষ্ঠানের পক্ষ থেকে সুগভীর শ্রদ্ধা।

মাননীয় সভাপতি মহাশয়, প্রিয় সদস্য ও সদস্যাবৃন্দ,

আপনাদের সকলকে স্বাগত জানিয়ে সাধ্যমতো চেষ্টা করছি ২০১৬-১৭ সালের কার্যবিবরনী পেশ করতে —

### *১। চিকিৎসা পরিষেবা ঃ-*

### *ক) হোমিও-প্যাথিক চিকিৎসালয় ঃ-*

আপনারা অবগত আছেন সপ্তাহে ১দিন, প্রতি বুধবার নিয়মিত এই পরিষেবা চলছিলো কিন্তু রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ার জন্য আমরা সপ্তাহে আরও একদিন অর্থাৎ প্রতি বুধবার ও শুক্রবার এই পরিষেবা প্রদান চালু করেছি। আমাদের প্রথিতযশা ডাক্তারবাবু মাননীয় ডাঃ প্রশান্ত কর্মকার মহাশয় সহ নূতন ডাক্তারবাবু ডাঃ বিশ্বরূপ বিশ্বাস মহাশয় সম্পূর্ণ বিনা পারিশ্রমিকে শুধুমাত্র যাতায়াত খরচের বিনিময়ে তাঁদের অমূল্য সময় দান করে চলেছেন। তাঁদের চিকিৎসায় রোগীরা যথেষ্ট ভালো ফল পাচ্ছেন। এই পরিষেবার জন্য আমাদের বছরে ৪০০০ টাকার মতো ভরতুকি দিতে হয়। ডাক্তারবাবুদের সহৃদয় আনুকূল্য ছাড়া, আমাদের পক্ষে এই পরিষেবা দান সম্ভব হতনা। আপনাদের সকলের পক্ষ থেকে ডাক্তার প্রশান্ত কর্মকার ও ডাঃ বিশ্বরূপ বিশ্বাস মহাশয়দ্বয়কে আমাদের অকৃত্রিম কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

### *খ) ই.সি.জি. ও ব্লাড সুগার পরীক্ষা ঃ-*

আপনারা জানেন - প্রখ্যাত চিকিৎসক প্রয়াত ডাঃ সুব্রত মৈত্র সমাজ সেবার কাজকে উৎসাহ দিতে একটি নতুন অত্যাধুনিক ডিজিটাল ই.সি.জি. মেশিন দান করেছিলেন। উক্ত মেসিনের সাহায্যে এম.ডি. ডাক্তারবাবুর রিপোর্টসহ মাত্র ৩০টাকার বিনিময়ে ইসিজি করা হয়। অল্পবিত্ত মানুষদের এই পরিষেবা প্রদান করা হয়। এভিন্ন মাত্র ২৫টাকার বিনিময়ে তাৎক্ষনিক ব্লাড সুগার পরীক্ষা করা হয়।

### গ) চক্ষু চিকিৎসা পরিষেবা ঃ-

"শুভেন্দু মেমোরিয়াল সোসাইটি"র সহযোগীতায় প্রতি ইংরাজী মাসের শেষ মঙ্গলবার বিকাল ৪টায় এই পরিষেবা চলছে। এখান থেকে মাত্র ১০টাকার বিনিময়ে চক্ষু চিকিৎসা করা হয় ও চোখের পাওয়ার নির্দ্ধারণ করা হয়। বিশেষ পরীক্ষা ও অস্ত্রোপচারের প্রয়োজনে নাম মাত্র খরচে চিকিৎসার জন্য রোগীকে শুভেন্দু মেমোরিয়াল চক্ষু হাসপাতালে পাঠানো হয়। আলোচ্য বর্ষেও সম্পূর্ণ বিনা খরচে বা নামমাত্র খরচে ছানি অপরেশন করানো হয়েছে।

### ঘ) এ্যালোপ্যাথী চিকিৎসা পরিষেবা (এইচ.এইচ.ডব্লিউ প্রকল্প) ঃ-

আমাদের আবেদন ক্রমে কৃষ্ণনগর পৌরসভার মাননীয় পৌরপতি আমাদের সংস্থা ভবন থেকে "স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী" প্রকল্পের অধীনে 'উপস্বাস্থ্য পরিষেবা কেন্দ্র' অনুমোদন করেছেন।

এই কেন্দ্র থেকে নিয়মিত প্রতি মঙ্গলবার, শুক্রবার ও শনিবার নিম্নবিত্ত পরিবারের ব্যক্তিদের প্রতি মাসে মাত্র ২টাকার বিনিময়ে পরিবারের সকলের স্বাস্থ্য পরীক্ষা এবং ঔষধ সহ চিকিৎসা পরিষেবা বিশেষত গর্ভবতী ও প্রসুতি মায়েদের এবং শিশুদের টিকাকরণ কর্মসূচী পালিত হয়। প্রতিমাসে প্রায় ৬০০ জন রোগী এই পরিষেবা পেয়ে থাকেন। এই কেন্দ্রের ডাক্তারবাবু সহ ৬জন সেবিকা নিয়মিত অত্যন্ত সহৃদয়তা, দক্ষতা ও ঐকান্তিকতার সঙ্গে তাঁদের প্রতি নির্দিষ্ট দায়িত্ব সম্পাদন করে চলেছেন।

### ঙ) রোগী সহায়তা কেন্দ্র ঃ-

হাসপাতালে দুর-দুরান্ত থেকে যে সব রোগীরা আসেন তাঁরা বিভিন্ন বিভাগের সঠিক অবস্থান না জানার জন্য দিকভ্রান্ত হয়ে ঘুরে বেড়ান, অধৈর্য্য হয়ে যান, কখনো বা নিরুপায় হয়ে চিকিৎসার প্রয়োজনে অসাধু চক্রের হাতে পড়েন। এই অসুবিধা দুর করে তাঁদের সঠিক খোঁজ-খবর ও প্রয়োজনীয় উচিত পরামর্শ দিয়ে সর্ববিধ সাহায্য করাই এই রোগী সহায়তা কেন্দ্রের উদ্দেশ্য।

'ন্যাশনাল রুরাল হেলথ মিশন' - স্কীমে পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে এই প্রকল্পের সেবা কার্য্যে আমাদের সংস্থার তরফ থেকে কৃষ্ণনগর সদর হাসপাতালে ৫জন সহায়িকা নিযুক্ত আছেন। এভিন্ন রাণাঘাট মহকুমা হাসপাতালে রোগী সহায়তা কেন্দ্রে সংস্থার ৮জন কর্মী নিযুক্ত আছেন। রাজ্য সরকার এই রোগী সহায়তা কেন্দ্রের সুবিধাকে আরও বিস্তৃত করার লক্ষ্যে গ্রামীণ হাসপাতাল, ব্লক হেলথ্ সেন্টার ও প্রাইমারী হেলথ্ সেন্টারেও রোগী সহায়তা কেন্দ্র স্থাপন করেছেন। কর্তৃপক্ষ এই জেলায় আরও ৪টি হাসপাতালে এই কাজে আমাদের সংস্থাকে দায়ীত্ব অর্পণ করেছেন। আমাদের সংস্থার তরফ থেকে চাপড়া, হবিবপুর, মহেশগঞ্জ ও মায়াপুরে প্রতিক্ষেত্রে ২জন করে মোট ৮জন কর্মী নিযুক্ত আছেন। সকল ক্ষেত্রেই প্রশ্নাতীত দক্ষতা ও সহৃদয়তার সঙ্গে কর্মীগণ তাদের দায়ীত্ব পালন করে চলেছেন।

### ২। মহিলা সীবন প্রশিক্ষণ কেন্দ্র ঃ-

নিম্নবিত্ত পরিবারের মহিলাদের স্বনির্ভর করার লক্ষ্য নিয়ে ১৯৯৮ সাল থেকেই এই প্রশিক্ষণ চলছে। ৫০জন ছাত্রী অত্যন্ত আগ্রহের সঙ্গে এই প্রশিক্ষণ গ্রহণ করছে। আনন্দের সঙ্গে জানাই এই প্রশিক্ষণের সাহায্যে অনেক প্রাক্তন ছাত্রীই স্বনির্ভর হয়েছে। সেই শুরুর দিন থেকেই আমাদের সম্মানীয় প্রতিষ্ঠাতা সদস্যা বর্তমান কমিটির সহ-সভানেত্রী শ্রীযুক্তা অপর্ণা সরকার তার ৮০ বছর বয়সে অসুস্থ শরীরে সম্পূর্ণ বিনা পারিশ্রমিকে এমনকি যাতায়াতের খরচ পর্য্যন্ত না নিয়ে ছাত্রীদের প্রশিক্ষণ দিয়ে আসছেন। তাঁর সহযোগী হিসাবে শুধুমাত্র যাতায়াত খরচের বিনিময়ে অভিজ্ঞ সেলাই শিক্ষিকা আমাদের সদস্যা সম্মানীয়া শ্রীযুক্তা লতিকা বিশ্বাস মহাশয়া এবং অপর আরও একজন সহযোগী স্বেচ্ছাশ্রম দান করে চলেছেন। এঁদের সকলকেই আমাদের কৃতজ্ঞতা জানাচ্ছি।

যেহেতু শিক্ষিকাদের সকলেরই যথেষ্ট বয়স হয়েছে, তাই নতুন সহযোগী শিক্ষিকা নিয়োগের প্রয়োজন। সপ্তাহে একদিন মাত্র দুই ঘন্টা স্বেচ্ছাশ্রম দানে ইচ্ছুক অভিজ্ঞ টেলারিং শিক্ষিকা খুঁজে দেওয়ার জন্য সকল সদস্যের কাছে আবেদন জানাচ্ছি।

## ৩। CDTP ট্রেনিং সেন্টার ঃ-

আপনারা অবগত আছেন - গত ১লা জুলাই, ২০১১ থেকে ভারত সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের প্রকল্প "কমিউনিটি ডেভেলপমেন্ট থ্রু পলিটেকনিক" (CDTP) প্রকল্পের কাজে কৃষ্ণনগর বি.পি.সি. ইনসটিটিউট অফ টেকনোলোজির তরফ থেকে আমাদের প্রতিষ্ঠানকে বেকার দুস্থ ছেলে-মেয়েদের সম্পূর্ণ বিনা ব্যয়ে মাটির পুতুল তৈরীর (ক্লে মডেলিং) শিক্ষাদানের দায়িত্ব দেওয়া হয়েছিলো। দুটি পর্যায়ে ৬ মাস করে এই শিক্ষাক্রমে ১ বছর চলেছে।

এভিন্ন বিগত বর্ষে CDTP স্কীমে **"টেলর লেডিস"** ও **"হ্যাণ্ড এমব্রয়ডারী"** এবং বর্তমান বর্ষে **"ফার্মাসী এসিস্ট্যান্ট"** এই সকল শিক্ষাক্রম আমাদের প্রতিষ্ঠানে চালু করার বিষয়টি কর্তৃপক্ষ অনুমোদন করেন এবং উভয়ক্ষেত্রেই ৩০/৪০ জন করে শিক্ষার্থী নিয়ে সাফল্যের সঙ্গে এই কোর্সগুলির ট্রেনিং ও সরকার নির্দ্ধারিত পরীক্ষা সম্পন্ন হযেছে এবং শিক্ষার্থীগন সরকারী সার্টিফিকেট পেয়েছেন। এই শিক্ষাক্রম পরিচালনার জন্য আমাদের প্রতিষ্ঠান কোনরূপ আর্থিক সাহায্য পায়না। সদস্যগণের সহৃদয় স্বেচ্ছাদানের উপর নির্ভর করেই এই সকল কর্মসূচী চালাতে হয় শুধু সামাজিক দায়ীত্ব পালন ও বেকার যুবক-যুবতীদের স্বনির্ভর করার লক্ষ্যে। সকল সদস্যর সহযোগীতা থাকলে আগামী দিনেও এই ধরণের উদ্যোগে সামিল হওয়া সম্ভব হবে।

## ৪। অন্যান্য সামাজিক দায়িত্ব পালন ও অনুষ্ঠান ঃ-

ক। ১৪ই এপ্রিল ডঃ বি. আর. আম্বেদকর-এর ১২৭তম জন্মদিবস পালন।

খ। ৮ই মে (২৫শে বৈশাখ) - কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬ তম জন্মোৎসব পালন।

গ। ৫ই জুন - ২০১৫-১৬ সালের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান।

ঘ। ১লা জুলাই - ডাঃ বিধান চন্দ্র রায়ের ১২২তম জন্মদিবস পালন ও স্মৃতিচারন।

ঙ। ২৩শে জুলাই - পণ্ডিত লক্ষীকান্ত মৈত্রের ১২২তম জন্মদিবস উপলক্ষে বঙ্গবিভূষণ শ্রী কাশীকান্ত মৈত্র-সহ মাননীয় মন্ত্রী ও বিধায়ক ও সন্মানীয় সজ্জন ব্যক্তিবর্গ কর্তৃক পণ্ডিত লক্ষ্মীকান্ত মৈত্র স্মারক বক্তৃতা।

চ। ২৪শে জুলাই - রক্তদান উৎসবে ৪১ জন সদস্য রক্তদাতা রক্তদান করেন। দুপুরে সকল বিভাগের স্থানীয় বিশেষজ্ঞ চিকিৎসকগণ যথা - ডাঃ বাসুদেব মণ্ডল, ডাঃ ব্রজেশ্বর মুখার্জ্জী, ডাঃ কৌশিক ভট্টাচার্য্য, ডাঃ এ.কে.বেরা, ডাঃ রাহুল গুপ্ত, ডাঃ অঞ্জন সেনগুপ্ত, ডাঃ আই. আহমেদ ও ডাঃ সমরজিৎ দাস কর্ত্তক সম্পূর্ণ বিনা খরচে প্রায় ১৬৫ জন নিম্নবিত্ত রোগীদের চিকিৎসা পরিষেবা প্রদান ও স্বাস্থ্য পরীক্ষা শিবির।

ছ। ২৫শে জুলাই - পণ্ডিত লক্ষ্মীকান্ত মৈত্রের ৬৪ তম প্রয়ান দিবস উপলক্ষে সারাদিন ব্যাপী জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে আলোচনা, বহুবিধ জনকল্যানমুখী কর্মসূচী গ্রহণ। বিষয় ঃ— "নারী সুরক্ষায় আইন ও প্রশাসনের ভূমিকা", "স্বচ্ছতাই সুস্থ থাকার হাতিয়ার", "মায়ের স্বাস্থ্য ভালো হলে শিশু বাড়ে মায়ের কোলে", "ড্রাগের নেশা সর্বনাশা" বিশেষজ্ঞগণ কর্তৃক বক্তব্য ও আলোচনা এবং কৃষ্ণনগর গ্লোকাল হাসপাতালের বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ ডাক্তারবাবুগণ কর্তৃক নিম্নবিত্ত সাধারণ মানুষদের পরিষেবা প্রদান।

জ। ১৫ই আগষ্ট - পতাকা উত্তোলন, বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে মহাসমারোহে স্বাধীনতা দিবস উদযাপন ও শিশুদের মধ্যে মিষ্টি বিতরণ।

ঝ। ২রা অক্টোবর - মহাত্মা গান্ধীর জন্মদিবস পালন, মাল্যদান ও স্মৃতিচারণ।

ঞ। ১৯শে অক্টোবর - সদস্য/সদস্যা ও শুভানুধ্যায়ীদের নিয়ে বিজয়া সম্মিলনী অনুষ্ঠান।

ট। ১২ই জানুয়ারী - স্বামী বিবেকানন্দ-এর জন্ম দিবস তথা জাতীয় যুব দিবস পালন ও বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে বিবেকানন্দ স্মারক বক্তৃতা।

ঠ। ২৩শে জানুয়ারী - নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিবস পালন, প্রতিকৃতিতে মাল্যদান ও বিশিষ্টজন কর্ত্তৃক বক্তব্য, শিশুদের মিষ্টান্ন বিতরণ।

ড। ২৬শে জানুয়ারী - পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে প্রজাতন্ত্র দিবস পালন, বিশিষ্টজন কর্তৃক দিনটির তাৎপর্য্য ব্যাখ্যা ও শিশুদের মিষ্টান্ন বিতরণ। এই দিনই পূর্ববর্তী বছরগুলির ন্যায় এবারও সদস্য ও শুভানুধ্যায়ীগণের ব্যক্তিগত চাঁদায় সংস্থাভবনে সামুদায়িক ভোজনের আয়োজন করা হয়।

ঢ। ১৫ই মার্চ - বিশ্বক্রেতা সুরক্ষা দিবস উপলক্ষ্যে বিশাল জনসচেতনতা শিবির ও বিজ্ঞজন কর্তৃক আলোচনা।

ণ। ১৮ই মার্চ - আমাদের প্রতিষ্ঠানের একান্ত আপনজন মানবদরদী ডাঃ সুব্রত মৈত্রের প্রথম প্রয়ান বার্ষিক স্মরণসভা।

এভিন্ন প্রতি ইংরাজি মাসের দ্বিতীয় রবিবার পূর্ববর্তী মাসের কৃত কর্মের মূল্যায়ণ ও আগামী মাসের কর্তব্য নির্ধারণের জন্য কার্যকরী কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয় ও বিভিন্ন দিনে বিভিন্ন সমাজ কল্যাণকর কর্মসূচী ও জনসচেতনতা শিবির হয়, যা স্থানাভাবে প্রকাশ করা সম্ভব হলো না।

## *৫। গৃহ নির্মান / সংস্কার ঃ-*

দোতলার ছাদের উপর অর্দ্ধসমাপ্ত "ডিউরো- শাইন" টিনের সেডটি বর্তমান বর্ষে অনেকাশেংই সম্পূর্ণ করার চেষ্টা নেওয়া হয়েছিলো এবাবদ আমরা সোসাইটির তহবিল থেকে প্রায় ৪৬,০০০.০০ টাকার খরচ করেছি এখনও কিছু কাজ বাকী আছে।

## *৬। সদস্যকরণ ও চাঁদা ঃ-*

সংস্থার Bye-Laws -এর অন্তর্ভূক্ত Regulation অনুযায়ী যে কোন ব্যক্তি ৫০,০০০ টাকা দান করলে "বিশেষ দাতা সদস্য" হতে পারেন। তদনুযায়ী শ্রীযুক্ত কাশীকান্ত মৈত্র মহাশয় বহু পূর্ব থেকেই দাতা সদস্য আছেন তিনি আলোচ্য বর্ষ পর্যন্ত এই সংস্থায় ৩,০৩,৮০১ টাকা দান করেছেন। পন্ডিত মৈত্রের সুযোগ্য পৌত্র প্রখ্যাত চিকিৎসক প্রয়াত ডাঃ সুব্রত মৈত্র বিশেষ দাতা সদস্য ছিলেন। আলোচ্য বর্ষ পর্যন্ত তাঁর নগদ টাকা দানের পরিমান ১,৩০,৭০০ টাকা। এ ভিন্ন ডাঃ মৈত্র আমাদের একটি আধুনিক ডিজিটাল ই.সি.জি. মেশিন দান করেছেন। এছাড়া পণ্ডিত মৈত্রের পৌত্রী ও জামাতা শ্রী সুদীপ রায় ও শ্রীমতী শমিতা (সোমা) রায় আলোচ্য বর্ষ পর্য্যন্ত আমাদের ৪৭,৪০০ টাকা দান করেছেন। উক্ত Bye-Laws এর অন্তর্ভূক্ত Regulation অনুযায়ী কোন সহৃদয় ব্যক্তি ন্যুন পক্ষে ৫,০০০ টাকা বা সমমূল্যের দ্রব্য দান করলে তিনি সংস্থার সম্মানীয় দাতা সদস্য হতে পারেন। এ পর্যন্ত ২জন বিশেষ দাতা সদস্য সহ মোট ৪৯ জন মাননীয় দাতা সদস্যের অনুগ্রহ লাভে আমরা সক্ষম হয়েছি। যেমন স্বেচ্ছায় নূতন দাতা সদস্য অন্তর্ভুক্ত হন, তেমনই অনেক দাতা সদস্যই পুণরায় অতিরিক্ত (৫০০০ টাকার উর্দ্ধে) অর্থ দান করেন। তাঁদের প্রতি আমাদের কৃতজ্ঞতা বশে কয়েকটি শ্বেত মর্মর ফলকে আমাদের ভবনের বাইরের দেওয়ালে তাঁদের সকলের নাম সহ দানের পরিমান উৎকীর্ণ করা হয়েছে। বর্তমান বর্ষেও নূতন ফলক স্থাপিত হয়েছে।

উপস্থিত মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে দাতা সদস্যগণের একটি তালিকা এই প্রতিবেদনের সাথে সংশ্লিষ্ট করা হল। এভিন্ন অনেক সহৃদয় ব্যক্তি ও প্রতিষ্ঠান এই সংস্থায় দান করেছেন, কিন্তু তাঁদের দানের পরিমাণ ৫০০০টাকার কম হওয়ায় দাতা সদস্য হিসাবে তাঁদের নাম তালিকাতে নথিভুক্ত করা সম্ভব হয়নি। সে জন্য ক্ষমাপ্রার্থী।

আমাদের মেম্বারশিপ রেজিস্টার অনুযায়ী অদ্য তারিখ পর্যন্ত সদস্য ক্রমিক সংখ্যা ২৯৪ হলেও এর মধ্যে ২২জন সদস্য পরলোক গমন করেছেন এবং বিভিন্ন কারণে অনেক সদস্যর সদস্যের সদস্যপদ নবীকরণ করা সম্ভব হয়নি। সুতরাং আলোচ্যবর্ষে প্রতিষ্ঠাতা সদস্য, বিশেষ দাতা সদস্য, দাতা সদস্য ও সাধারণ সদস্য সহ মোট ১৮০ জন সদস্যকে এই সভায় আমন্ত্রণ করা হয়েছে।

# সম্পাদিত কর্মসূচী

বিগত বছরের সম্পাদকীয় প্রতিবেদনে যে সব ভবিষ্যত কর্মসূচীর কথা উল্লেখ করেছিলাম আপনাদের সহযোগীতায় ও সরকারী/বেসরকারী বিভিন্ন কর্তৃপক্ষের শুভেচ্ছায় তার অধিকাংশই সম্পাদন করতে সক্ষম হয়েছি। যেমন- ছাদের উপরের অসম্পূর্ণ টিন শেডের নির্মান কাজ, এভিন্ন হোমিও চিকিৎসা, চক্ষু-পরীক্ষা, ই.সি.জি., রক্ত পরীক্ষা, টেলারিং ট্রেনিং স্কুল ইত্যাদি বর্তমান বর্ষে প্রসারতা লাভ করেছে। গত ১লা জুন থেকে কৃষ্ণনগর বি.পি.সি. ইস্টিটিউট অব্ টেকনোলজির উদ্যোগে মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্ত সরকারী “ফামাসী এ্যাসিস্ট্যান্ট” ট্রেনিং কোর্স সম্পূর্ণ করা সম্ভব হয়েছে। এই কোর্ষে ৪০জন শিক্ষার্থী শিক্ষান্তে সরকারী সার্টিফিকেটের যোগ্য বিবেচিত হয়েছেন। আগামী দিনেও বেকার তরুণ-তরুণীদের স্বনির্ভর করার লক্ষ্যে এই ট্রেনিং চলবে।

পরিশেষে জানাই প্রতিষ্ঠানটি কাজের ব্যাপকতায় ক্রমশ স্ফীত হচ্ছে। বয়স্কদের পক্ষে এই দায়িত্ব বহন করা ক্রমশই অসম্ভব হয়ে উঠছে। তাই অপেক্ষাকৃত তরুণদের কাছে অনুরোধ বহু শ্রদ্ধেয় মানুষের অর্থ ও শ্রমে গড়া এই কল্যাণ কেন্দ্রের উন্নয়নে স্বেচ্ছায় এগিয়ে এসে হাল ধরুন। কর্মসমিতির কয়েকজন সদস্য সম্ভবত তাঁদের অন্য ক্ষেত্রে ব্যস্ততার কারনে সকল সভা বা অনুষ্ঠানে সামিল হতে পারেন না তাই প্রস্তাব রাখছি সময় ও শ্রম দানে প্রকৃত আগ্রহী আজকের সভায় উপস্থিত সদস্যদের মধ্যে কেউ স্বেচ্ছায় কর্মসমিতিতে আসতে চাইলে তাঁকে অন্তর্ভূত করা হবে।

বর্তমানে যে পরিষবাগুলি চলছে আগামী দিনেও সেগুলি নিশ্চিত বহাল থাকবে। সকলের শুভেচ্ছায় নিশ্চয়ই তার পরিসর ও কলেবর বৃদ্ধি পাবে বলে আশা রাখি।

বিগত দিনে যা করতে পারিনি তার জন্য মার্জনা চেয়ে, আগামী দিনে এই সংস্থার উন্নয়নে সকলকে ব্রতী হওয়ার আহ্বান জানিয়ে এবং আপনাদের সকলকে ধন্যবাদ জানিয়ে এই প্রতিবেদন শেষ করছি।

ভবদীয়
সতেন্দ্র নাথ ব্যানার্জ্জী
সম্পাদক

তাং - ১৮/০৬/২০১৭

## " যাঁদের সাহায্যে আমাদের এই পথ চলা"

## অদ্যাবধি নথিভূক্ত মাননীয় বিশেষ দাতা সদস্য ও দাতা সদস্যগণের তালিকা

| নাম | | দানের পরিমান | নাম | | দানেরপরিমান |
|---|---|---|---|---|---|
| ১। শ্রী কাশীকান্ত মৈত্র | : | ৩,০৩,৮০১ টাকা | ২৮। শ্রী শঙ্কর কুমার চৌধুরী (মৈত্র) | : | ৫,০০০ টাকা |
| ২। ডাঃ সুব্রত মৈত্র | : | ১,৩০,৭০০ টাকা | ২৯। শ্রী তীর্থঙ্কর চক্রবর্ত্তী | : | ৫,০০০ টাকা |
| ৩। শ্রী সুদীপ রায় ও শ্রীমতী সোমা রায় | : | ৪৭,৪০০টাকা | ৩০। শ্রী গৌর সাহা | : | ৫,০০০ টাকা |
| ৪। কালীনগর কো-অপ কলোনী | | | ৩১। ৺পরিতোষ ধর | : | ৫,০০০ টাকা |
| এন্ড ক্রেডিট সোসাইটি লিঃ | : | ২০,০০০টাকা | ৩২। ৺চিত্তরঞ্জন বিশ্বাস | : | ৫,০০০ টাকা |
| ৫। ডাঃ শঙ্কর ব্যানার্জ্জী | : | ২০,০০০ টাকা | ৩৩। শ্রী রবীন্দ্র নাথ বিশ্বাস | : | ৫,০০০ টাকা |
| ৬। শ্রী প্রসেনজিৎ রক্ষিত | : | ১৩,০৭১ টাকা | ৩৪। ডাঃ সমরজিৎ নস্কর | : | ৫,০০০ টাকা |
| ৭। শ্রী যতীন্দ্র মোহন দত্ত | : | ১২,০৫০ টাকা | ৩৫। শ্রীমতী গোপা ঘোষ | : | ৫,০০০ টাকা |
| ৮। শ্রী সুনীল কুমার পাল | : | ১১,০০০ টাকা | ৩৬। শ্রী সমরজিৎ হালদার | : | ৫,০০০ টাকা |
| ৯। ডঃ সীমা প্রামানিক | : | ১০,৫০০ টাকা | ৩৭। শ্রী জয়ন্ত হালদার | : | ৫,০০০ টাকা |
| ১০। শ্রী প্রবীর কুমার পাল | : | ৮,৫০০ টাকা | ৩৮। শ্রী সুব্রত অধিকারী | : | ৫,০০০ টাকা |
| ১১। শ্রী সন্তোষ কুমার দাস | : | ৬,১০১ টাকা | ৩৯। ডাঃ রাহুল গুপ্ত | : | ৫,০০০ টাকা |
| ১২। শ্রীমতী কমলা প্রামানিক | : | ৬,৫০০ টাকা | ৪০। শ্রী প্রভাত রঞ্জন মণ্ডল | : | ৫,০০০ টাকা |
| ১৩। শ্রী ধীরাজ কৃষ্ণ খাঁ | : | ৬,০০০ টাকা | ৪১। শ্রী বাণী শঙ্কর সরকার | : | ৫,০০০ টাকা |
| ১৪। শ্রী সত্যব্রত দত্ত | : | ৬,০০০ টাকা | ৪২। শ্রী স্বপন প্রামানিক | : | ৫,০০০ টাকা |
| ১৫। শ্রী অসীম কুমার সাহা | : | ৫,৬৫০ টাকা | ৪৩। শ্রীযুক্তা জলি মণ্ডল | : | ৫,০০০ টাকা |
| ১৬। শ্রীমতী নুপুর সাহা | : | ৫,০০১ টাকা | ৪৪। শ্রী মনোজ মণ্ডল | : | ৫,০০০ টাকা |
| ১৭। ৺গণেশ চন্দ্র পাল | : | ৫,০০১ টাকা | ৪৫। ডাঃ কৌশিক ভট্টাচার্য্য | : | ৫,০০০ টাকা |
| ১৮। ৺শিবতোষ ধর | : | ৫,০০১ টাকা | ৪৬। শ্রীমতি কাকলি শর্মা | : | ৫,০০০ টাকা |
| ১৯। শ্রী সত্যেন্দ্র নাথ ব্যানার্জ্জী | : | ৫,০০১ টাকা | ৪৭। শ্রী গৌতম বর্মন | : | ৫,০০০ টাকা |
| ২০। ডাঃ নিতাই চন্দ্র মণ্ডল | : | ৫,০০১ টাকা | ৪৮। ডাঃ সুধাংশু শেখর জানা | : | ৫,০০০ টাকা |
| ২১। ডাঃ মানস বিশ্বাস | : | ৫,০০১ টাকা | (ও কাষ্ঠ নির্মিত ৩ খানি পার্টিশান ষ্ট্যাণ্ড | | |
| ২২। শ্রী পার্থ দে | : | ৫,০০১ টাকা | দান করেছেন, আনুমানিক মূল্য) | : | ১৮,০০০/- টাকা |
| ২৩। ডাঃ ইমতিয়াজ আহমেদ | : | ৫,০০১ টাকা | ৪৯। কৃষ্ণনগর পৌরসভা | : | |
| ২৪। শ্রীমতী অনিমা খাঁ | : | ৫,০০১ টাকা | স্থাপন কাল হইতে অদ্যাবধি বহুবিধ সহায়তা | | |
| ২৫। শ্রীযুক্ত সুলেখা দেব | : | ৫,০০১ টাকা | | | |
| ২৬। ডঃ রমাপ্রসাদ ব্যানার্জ্জী | : } | কম্পিউটার | | | |
| ২৭। শ্রী পার্থ সারথী বোস | : } | ও প্রিন্টার | | | |

১৮/০৬/২০১৭

# আগামী ২০১৭-১৮ সালের সম্ভাব্য আয়-ব্যয়ের খসড়া বাজেট

| আয় | | ব্যয় | |
|---|---|---|---|
| ১। সদস্য চাঁদা - | ৮,৫০০ টাকা | ১। যাতায়াত ভাতা - | ৫,০০০ টাকা |
| ২। সীবন প্রশিক্ষন কেন্দ্র - | ৯,৫০০ টাকা | ২। সাম্মানিক - | ৩০,০০০ টাকা |
| ৩। হোমিও দাতব্য চিকিৎসালয় - | ৮,০০০ টাকা | ৩। মেডিক্যল টেকনিশিয়ান - | ২,০০০ টাকা |
| ৪। চক্ষু চিকিৎসালয় - | ৫০০ টাকা | ৪। ঔষধ, সুগারস্ট্রিপ ইত্যাদি - | ১২,০০০ টাকা |
| ৫। ই.সি.জি. ও রক্ত পরীক্ষা ইত্যাদি বাবদ - | ৬,০০০ টাকা | ৫। মুদ্রণ, ষ্টেশনারী ইত্যাদি - | ৬,৫০০ টাকা |
| | | ৬। বিদ্যুৎ বিল, ট্যাক্স ও খাজনা - | ৬,০০০ টাকা |
| ৬। রোগী সহায়তা কেন্দ্র - (কৃষ্ণনগর সদর হাসপাতাল) | ৪,৩৯,৫০০ টাকা | ৭। প্রয়োজনীয় আসবাবপত্র- | ১০,০০০ টাকা |
| | | ৮। প্রচার - | ৬,০০০ টাকা |
| ৭। রোগী সহায়তা কেন্দ্র - (রাণাঘাট হাসপাতাল) | ৬,৮৫,২০০ টাকা | ৯। বাৎসরিক সাধারণ সভা - | ৪,০০০ টাকা |
| | | ১০। অন্যান্য সভা - | ৪,০০০ টাকা |
| ৮। রোগী সহায়তা কেন্দ্র - (চাপড়া হাসপাতাল) | ১,৭৪,০০০ টাকা | ১১। অনুষ্ঠানাদি ও বিভিন্ন সামাজিক কর্মসূচী পালন- | ৬৪,০০০ টাকা |
| ৯। রোগী সহায়তা কেন্দ্র - (হবিবপুর হাসপাতাল) | ১,৭৪,০০০ টাকা | ১২। গৃহ রক্ষণা বেক্ষণ ও টিন শেডের অসম্পূর্ণ কাজ (জলধর জলভর) | ১,০০,০০০ টাকা |
| ১০। রোগী সহায়তা কেন্দ্র - (মহেশগঞ্জ হাসপাতাল) | ১,৭৪,০০০ টাকা | ১৩। অডিট ফি - 10B সহ | ২,৫০০ টাকা |
| | | ১৪। রোগী সহায়তা কেন্দ্র - (কৃষ্ণনগর সদর হাসপাতাল) | ৪,০৯,৫০০ টাকা |
| ১১। রোগী সহায়তা কেন্দ্র - (মায়াপুর হাসপাতাল) | ১,৭৪,০০০ টাকা | ১৫। রোগী সহায়তা কেন্দ্র - (রাণাঘাট হাসপাতাল) | ৬,৬৭,২০০ টাকা |
| ১২। পৌরসভা থেকে প্রাপ্য সহায়তা- | ৬,০০০ টাকা | ১৬। অফিস মেনটেন্যান্স - | ২,৫০০ টাকা |
| ১৩। আর্থিক দান - | ৯০,০০০ টাকা | ১৭। রোগী সহায়তা কেন্দ্র - (চাপড়া, মহেশগঞ্জ, হবিবপুর, মায়াপুর) | ৬,২৪,০০০ টাকা |
| ১৪। সি.ডি.টি.পি. প্রশিক্ষণ | ৬,০০০ টাকা | | |
| **মোট আয় -** | **১৯,৫৫,২০০ টাকা** | **মোট ব্যয় -** | **১৯,৫৫,২০০ টাকা** |

ভবদীয়

তাং - ১৮/০৬/২০১৭

*সত্যেন্দ্র নাথ ব্যানার্জী*

*সম্পাদক*

PANDIT LAKSHMI KANTA MAITRA SMRITI SAMAJ KALYAN KENDRA

Shibatosh Dhar Sarani(Bindupara),Ghurni, P.O.Ghurni (Krishnagar), District-Nadia, W.B.PIN-741103

Regd. No.S/IL/25452 of 2004-05

Receipts & Payments Account for the year ended 31st March, 2017

| Receipts | | Amount |
|---|---|---|
| To Balance B/d: | | |
| Cash in Hand | 5,425.00 | |
| The Krishnagar City Co-Op. Bank Ltd.(A/c No.20845) | 2,409.10 | |
| Allahabad Bank:R.N.Tagore Rd. (A/c No.50115331601) | 5,091.00 | |
| State Bank of India:(CA-342998039081) | 70,652.00 | 83,577.10 |
| " Donation Received: | | |
| Birth Day Celebration of Pnd.L.K.Maitra | 22,005.00 | |
| Development | 1,06,069.00 | 1,28,074.00 |
| " Bank Interest: | | |
| The Krishnagar City Co-Op.Bank Ltd. | 99.00 | |
| Allahabad Bank:R.N.Tagore Rd. | 1,445.00 | 1,544.00 |
| " Tailoring School Training Fees | | 5,750.00 |
| " Homeopathy Dispensary Collections | | 7,560.00 |
| " Collection from Rogi Sahyata Kendra: | | |
| BPHC-Chapra | 1,65,600.00 | |
| Ranaghat S.D.Hospital | 6,24,933.00 | |
| Krishnagar Sadar Hospital | 4,20,000.00 | |
| BPHC-Maheshganj | 1,65,600.00 | |
| BPHC-Habibpur | 1,65,600.00 | |
| P.H.C.Mayapur | 1,12,883.00 | 16,54,616.00 |
| " ECG and Blood Sugar Testing Collections | | 5,575.00 |
| " Development Fees | | 2,300.00 |
| " Membership Fees | | 8,050.00 |
| " Collection from Krishnagar Municipality:H.H.W.Project | | 6,000.00 |
| " Collections from Eye Clinic | | 120.00 |
| " Collection from B.P.C.I.T.(CDTP Trainng) | | 4,950.00 |
| | | 19,08,116.10 |

| Payments | | Amount |
|---|---|---|
| By Conveyance Allowance/Charges | | 13,958.00 |
| " Audit Fees-2015-16 | | 1,500.00 |
| " Purchase of Disposable Items | | 922.00 |
| " Purchase of Movable Assets | | 24,870.00 |
| " Honorarium | | 8,955.00 |
| " Payments to Govt.etc: | | |
| " Land Tax | 64.00 | |
| " Municipal Tax | 72.00 | 136.00 |
| " Electric Charges | | 3,726.00 |
| " Printing & Stationery | | 6,238.00 |
| " Purchase of Medicine :Homeopathy | | 5,305.00 |
| " Purchase of ECG/Blood Sugar Testing ~~Machine~~ Strip | | 5,120.00 |
| " Publicity | | 70.00 |
| " Meeting Expenses | | 3,228.00 |
| " Rogi Sahyata Kendra: | | |
| Sadar Hospital-Krishnagar | 3,92,020.00 | |
| S.D.Hospital-Ranaghat | 6,60,766.00 | |
| B.P.H.C.-Chapra | 1,56,600.00 | |
| B.P.H.C.-Maheshganj | 1,56,600.00 | |
| B.P.H.C.-Habibpur | 1,59,100.00 | |
| P.H.C.-Mayapur | 1,12,883.00 | 16,37,969.00 |
| " Refreshment of Guests | | 2,583.00 |
| " Celebration/Observations of Remarkable Days: | | |
| Celebration of remarkable days | 2,907.00 | |
| Birth Day of Pandit L.K.Maitra | 43,018.00 | |
| Celebration of national days | 404.00 | 46,329.00 |
| " Postage | | 290.00 |
| " Construction of Shed | | 44,000.00 |
| " Bank Charges: | | |
| State Bnak of India:Anulia Branch | 690.00 | |
| Allahabad Bank:R.N.Tagore Rd.Ksn. | 365.00 | 1,055.00 |
| " Maintenance & Repairing | | 26,484.00 |
| " Misc. Expenses | | 1,260.00 |
| " Balance C/d: | | |
| Cash in hand | 3,177.00 | |
| The Krishnagar City Co-Op. Bank Ltd. (A/c No.20845) | 4,608.10 | |
| Allahabad Bank:R.N.Tagore Rd.Ksn. (A/c No.50115331601) | 48,704.00 | |
| State Bank of India:Anulia Branch (A/c No.CA-34298039081) | 17,629.00 | 74,118.10 |
| | | 19,08,116.10 |

Signed in terms of my report of even date

MD. ANOWAR HOSSAIN, F.C.A.
Chartered Accountant

MD. ANOWAR HOSSAIN, F.C.A. KOLKATA CHARTERED ACCOUNTANT

29 MAY 2017

*Secretary*
Pandit Lakshmikanta Maitra
Smriti Samaj Kalyan Kendra

*Treasurer*
Pandit Lakshmi Kanta Maitra
Smriti Samaj Kalyan Kendra